বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স পলিসি সেকশন)


বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd


সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৭-০৮ তারিখঃ ৩১-০২-১৪২৪ বাঃ
১৪-০৬-২০১৭ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**২০১৭ খ্রিঃ/১৪৩৮ হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়া, খাওয়ার খরচ ও মোয়াল্লেম ফি বাবদ সর্বমোট সৌদি রিয়াল ৬,৮৩০.০০ অর্থ ই-পেমেন্ট সিস্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট হতে (IBAN) এর মাধ্যমে সৌদি আরবে প্রেরণ।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ্জ শাখার ০৮.০৬.২০১৭ তারিখের ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬-৮৮৬ নং পত্রের (কপি সংযুক্ত) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

হজ্জযাত্রীদের নামের তালিকা দাখিল সাপেক্ষে স্ব-স্ব হজ্জ এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এর মাধ্যমে ২০১৭ খ্রিঃ/১৪৩৮ হিজরী সালে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের সৌদি আরবে বাড়ী ভাড়া বাবদ সৌদি রিয়াল ৪,১৪১.০০, খাওয়ার খরচ বাবদ সৌদি রিয়াল ১,৬০০.০০ এবং মোয়াল্লেম ফি বাবদ সৌদি রিয়াল ১,০৮৯.০০ সর্বমোট সৌদি রিয়াল ৬,৮৩০.০০ (৪,১৪১.০০+ ১,৬০০.০০+ ১,০৮৯.০০) যথাযথ আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক (এক পাতা)।

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯।

অতীব জরুরী
হজ্জ সর্বোচ্চ অগ্রাধিকার

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬- ৮৮৬ তারিখঃ ০৮.০৬.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ **২০১৭ খ্রিঃ/১৪৩৮ হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়া, খাওয়ার খরচ ও মোয়াল্লেম ফি বাবদ সর্বমোট ৬৮৩০ সৌঃরিঃ অর্থ ই-পেমেন্ট সিষ্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট হতে (IBAN) এর মাধ্যমে সৌদি আরবে প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৭ খ্রিঃ/১৪৩৮ হিজরী সালে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের সৌদি আরবে বাড়ীভাড়া বাবদ ৪১৪১ সৌঃরিঃ, খাওয়ার খরচ বাবদ ১৬০০ সৌঃরিঃ এবং মোয়াল্লেম ফি বাবদ ১০৮৯ সৌঃরিঃ সর্বমোট (৪১৪১+১৬০০+১০৮৯)=৬৮৩০ সৌঃরিঃ স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট হতে (IBAN) এর মাধ্যমে সৌদি আরবে স্থানান্তরের বাধ্যবাধকতা রয়েছে।

০২। এমতাবস্থায়, হজ্জযাত্রীদের নামের তালিকা দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর মালিক/বৈধ প্রতিনিধিকে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে হাজী প্রতি বাড়ী ভাড়া, খাওয়ার খরচ এবং মোয়াল্লেম ফি বাবদ সর্বোচ্চ ৬৮৩০ (ছয় হাজার আটশত ত্রিশ) সৌদি রিয়াল স্থানান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ-২)
ফোন ঃ ৯৫৮৫২০০
morahajsection@gmail.com

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।
(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা)।
নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬- ৮৮৬ তারিখঃ ০৮.০৬.২০১৭ খ্রিঃ

অনুলিপি কার্যার্থেঃ

১। কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
২। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক,............................................................................................।
৫। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
৬। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভেষ্টোরী, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সীকে অবহিত করার অনুরোধসহ)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২, কাওরান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ-২)।

D:\Letter-2012.doc



Scanned by CamScanner